



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০২/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘জেবুন্নেছা স্কলার’ এবং ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রবর্তনে সমঝোতা চুক্তি স্বাক্ষর

বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ‘জেবুন্নেছা স্কলার’ এবং ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রবর্তনে সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। অদ্য ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ বিকাল ৩.৩০ মিনিটে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজো অফিসে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুবউল্লাহ জনকল্যান ট্রাস্টের পক্ষে ট্রাস্টি বোর্ডের অন্যতম ডোনার মেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-চ্যান্সেলর ড. কাজী শহীদুল্লাহ’র উপস্থিতিতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় স্কলারশীপ হিসেবে শিক্ষার্থীকে জনপ্রতি মাসিক ১৫০০ টাকা করে প্রদান করা হবে। উল্লেখ্য গত ৩১.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত বেগম জেবুন্নেছা ও কাজী মাহবুবউল্লাহ জনকল্যান ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টীর ডোনার সদস্যগণের সম্মুখে অনুষ্ঠিত মিটিংএ বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ‘জেবুন্নেছা স্কলার’ এবং ‘কাজী মাহবুবউল্লাহ স্কলার’ বৃত্তি প্রবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)